# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৩৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এরকম কাজ করা ঐ ব্যক্তির জন্য জায়েয, যে ব্যক্তি এমন সফর করার ইচ্ছা করে, যাতে কসর করা বৈধ- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذَا الْفِعْلَ إِنَّمَا هُوَ مُبَاحٌ لِمَنْ عَزَمَ عَلَى السَّفَرِ الَّذِي يَجُوزُ فِيهِ الْقَصْرُ

---

আরবী

2735 - أَخْبَرَنَا أَبُو الْحَسَنِ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضَرَ عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ:صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ بِالْمَدِينَةِ أَرْبَعَ رَكَعَاتٍ ثُمَّ خَرَجَ إِلَى بَعْضِ أَسْفَارِهِ فصلى لنا عند الشجرة ركعتين.

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2735 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1085): ق.

বাংলা

২৭৩৫. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে মদীনায় যোহরের সালাত চার রাকা‘আত আদায় করেছি। তারপর তিনি কোন এক সফরে বের হয়ে আমাদের নিয়ে শাজারার[1] নিকট দুই রাকা‘আত সালাত আদায় করেছেন।”[2]

ফুটনোট

[1] শাজারাহ হলো যুল হুলাইফার নিকটে একটি জায়গা, যা মদীনা থেকে ৬ মাইল দুরে অবস্থিত।–অনুবাদক।

[2] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৩১৬; সহীহুল বুখারী: ১০৮৯; সহীহ মুসলিম: ৬৯০; দারেমী: ১/৩৫৪; আবূ দাঊদ:

১২০২; তিরমিযী: ৫৪৬; নাসাঈ: ১/২৩৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92065

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন